**AKASHVANI KOLKATA**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 29-07-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ইস্যুতে ছাত্রদের আন্দোলনে পুলিশের ভূমিকার প্রতিবাদ জানিয়ে বিরোধী সদস্যদের হই হট্টগোলের জেরে সংসদের উভয় কক্ষের কাজ আজও ব্যাহত।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব ব্যাঘ্র দিবসে বন্যপ্রাণ উদ্যমী মানুষদের শুভেচ্ছা জানিয়েছেন।

৩) অসমের বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭৫। ওড়িশাতেও বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

৪) পাক অধিকৃত জম্মুকাশ্মীরে গত দু'দিনে আন্দোলনকারীদের ওপর পুলিশের গুলি চালনায় কমপক্ষে ৩০ জন প্রাণ হারিয়েছেন, আহত আরো বেশ কয়েকজন।

৫) দক্ষিণ-পশ্চিম জাপানের কুমামোতো অঞ্চলে গতকাল একটি শক্তিশালী ভূমিকম্পের ফলে অন্তত ১৩ জনের মৃত্যু হয়েছে।

৬) গ্লাসগো কমনওয়েলথ গেমসে প্রথম ভারতীয় আথলিট হিসেবে পুরুষদের দশ হাজার মিটার দৌড়ে রূপো জিতেছেন গুলবির সিং। শুভেচ্ছা রাষ্ট্রপতির।

oooooooooooooooooooo

নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ইস্যুতে ছাত্রদের আন্দোলনে পুলিশের ভূমিকার প্রতিবাদ জানিয়ে বিরোধীদের হৈ হট্টগোলের জেরে সংসদের উভয় কক্ষের কাজ ব্যহত। প্রথম দফায় বেলা ১২ টা পর্যন্ত স্থগিত হয়ে গেছে।

বেলা ১১টায় লোকসভার কাজ শুরু হলে ,অধ্যক্ষ ওম বিড়লা,২৩ তম কমনওয়েলথ গেমসে ভারত্তলোক হরজিন্দর কৌর এবং অ্যাথলেট গুলবীর সিং কে রৌপ্য পদক জয়ের জন্য অভিনন্দন জানান। পরে তিনি প্রশ্নোত্তর পর্ব শুরু করার অনুমতি দিলে,বিরোধী সদস্যরা ছাত্র আন্দোলনে পুলিশের ভূমিকা নিয়ে স্লোগান দেওয়া শুরু করেন। তিনি প্রশ্নোত্তর পর্বের গুরুত্ব তুলে ধরে,বিরোধীদের এই পর্বে অংশ নেওয়ার আহ্বান জানান। তিনি অভিযোগ করেন, বেশ কিছু বিরোধী সদস্য ইচ্ছাকৃত ভাবে প্রশ্নোত্তর পর্ব ব্যহত করতে চাইছেন যা সঠিক নয় এবং সংসদের ঐতিহ্যের ধারা বহন করেনা।

(বাইট-ওম বিড়লা)

রাজ্যসভায় একই চিত্র দেখা দেওয়ায় বেলা প্রথমে বেলা ১২টা এবং পরে ২টো পর্যন্ত সভার কাজ মুলতুবি ঘোষণা করা হয়। চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণান জিরো আওয়ারের কাজ শুরু করার অনুমতি দিলে,সিপিআই এম সদস্য জন বিত্রাস গতকাল দলীয় দপ্তরে পুলিশের প্রবেশ এবং ছাত্র ন বিষয়টি তুলে ধোরে তীব্র আপত্তি জানান। উত্তরে জেপি নাড্ডা বলেন,এটি আইন শৃঙ্খলার বিষয়।

(বাইট-নাড্ডা)

সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু অভিযোগ করেছেন,বিরোধী কংগ্রেস সদস্যরা পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স সংশোধনী বিলের আলোচনায় অংশ নিতে আগ্রহী নয়। বিলের বিষয়বস্তুর আলোচনায় না গিয়ে তারা এই বিলের বাইরে নানান রাজনৈতিক আলোচনা তুলে ধরছে। ছাত্র-ছাত্রীদের দাবি মেনে এবং এ বিষয়ে সাড়া দিয়ে প্রধানমন্ত্রী এই বিল সংশোধনের সিদ্ধান্ত নেন। এরফলে পরীক্ষা ব্যবস্থার প্রতি ছাত্র-ছাত্রীদের আস্থা বাড়বে।

(বাইট-রিজিজু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভায় আজ ‘জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধন) বিল, ২০২৬’ পেশ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই। বিলটির মূল উদ্দেশ্য হলো, ১৯৬৯ সালের মূল ‘জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন’-এ প্রয়োজনীয় সংশোধন করা।

বিলের প্রস্তাব অনুযায়ী, কোনো জন্ম বা মৃত্যুর দুই বছরের মধ্যে যদি Registrar-এর কাছে রিপোর্ট করা হয়, তবে জেলা শাসক, মহকুমা শাসক বা জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো আধিকারিকের মাধ্যমে ঘটনাটির সত্যতা যাচাইয়ের পর তাঁদের অনুমতিক্রমেই কেবল তা নিবন্ধন করা যাবে। দুই বছরের বেশি সময় পর রিপোর্ট করা হলে, তার জন্য নিবন্ধনের জন্য প্রথম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদেশের প্রয়োজন হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা, "এক দেশ, এক নির্বাচন",সম্পর্কিত আইন যা যৌথ সংসদীয় কমিটির বিবেচনাধীন রয়েছে তার মেয়াদ ২০২৬ এর শীতকালীন অধিবেশনে শেষ সপ্তাহের প্রথম দিন অবধি বৃদ্ধি করেছে।

যৌথ সংসদীয় কমিটির বিবেচনাধীন সংবিধান(১২৯ তম সংশোধনী)বিল-২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল -২০২৪ এর মেয়াদ বৃদ্ধির মোশন আনেন কমিটির চেয়ারম্যান বিজেপির সাংসদ পি,পি চৌধুরী।মোশনটি ধ্বনি ভোটে গৃহীত হয়। লোকমভা এবং বিধানসভাগলিতে এক সঙ্গে নির্বাচন করার লক্ষ্যেই এই বিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খণ্ড সহ একাধিক বিজেপি সাংসদ আজ সংসদ চত্বরে,ঝাড়খণ্ড পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বিক্ষোভ প্রদর্শন করেন।

তাঁরাএই বিষয়ে সিবিআই তদন্তের দাবী তোলার পাশাপাশি ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের পদত্যাগের দাবি জানান।

বিজেপি সাংসদ সঞ্জয় শেঠ এবং বিদ্যুতবরণ মাহাতো বলেন,ঝাড়খণ্ডের সরকারের উপর থেকে কংগ্রেসের সমর্থন প্রত্যাহার করা উচিত।

oooooooooooooooooooooo

আজ বিশ্ব ব্যাঘ্র দিবস। বাঘের সংরক্ষণ, বিচরণ স্থল রক্ষা সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে দিনটি বিশ্বজুড়ে পালন করা হয়ে থাকে। ২০১০ সালে রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে ব্যাঘ্র সম্মেলন থেকে দিনটি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। বাঘের দেখা মেলে ভারত-সহ এমন ১৩টি দেশ সিদ্ধান্ত নিয়েছিল ২০২২ সালের মধ্যে বাঘের সংখ্যা দ্বিগুণ করার। ২০১০ সালের ৩ হাজার ২০০ এর তুলনায় বর্তমানে বিশ্বে বাঘের সংখ্যা বেড়ে হয়েছে ৫ হাজার ৭১১। গত প্রায় এক দশকে বাঘের সংখ্যা বেড়েছে ৭৮ শতাংশ। বর্তমানে বিশ্বের সব থেকে বেশি সংখ্যক বাঘের আবাসস্থল ভারত। বিশ্বের মোট বাঘের ৭০ শতাংশই রয়েছে ভারতে।

ooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব ব্যাঘ্র দিবসে বন্যপ্রাণ উদ্যমী মানুষদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেন,ভারত বিশ্বের ৭০ শতাংশ বাঘের আবাসস্থল। তিনি বলেন,ভারতে বাঘ সংরক্ষণ শতাব্দী প্রাচীন সংস্কৃতির অঙ্গ। প্রধানমন্ত্রী,ভারতে বাঘ সংরক্ষণে,বনবিভাগের সমস্ত স্তরের কর্মী,বিজ্ঞানী এবং সংরক্ষণ কর্মীদের প্রশংসা করেন।মানুষ এবং বন্যপ্রাণ সংঘাত হ্রাস করতে, স্থানীয় সম্প্রদায়ের মানুষজনকে নিয়োগে সরকার বদ্ধপরিকর বলে শ্রী মোদী জানান।

পরিবেশ,অরণ্য ও আবহাওয়া পরিবর্তনমন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন,বাঘ সংরক্ষণ, শুধুমাত্র কোনও বিশেষ প্রজাতিকে রক্ষা করা নয়,জীব ও পরিবেশের ভারসাম্য রক্ষাই এর লক্ষ্য। নতুন দিল্লিতে আজ বিশ্ব ব্যাঘ্র দিবসের এক অনুষ্ঠানে যোগদান করে বক্তব্য রাখেন। তিনি বলেন,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ,গত এক দশকে বাঘ সংরক্ষণ

বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, হাতিদের জন্য সংরক্ষিত বনাঞ্চল, জাতীয় উদ্যান, অভয়ারণ্য, সংরক্ষিত অঞ্চল, কমিউনিটি রিজার্ভ, জলাভূমির সংখ্যা বিগত ১২ বছরে বৃদ্ধি পেয়েছে।

(বাইট – ভূপেন্দ্র যাদব)

oooooooooooooooooooo

অসমের বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭৫। গতকাল শিবসাগর জেলায় আরও সাতজন প্রাণ হারিয়েছেন। মৃতদের পরিবারকে চার লক্ষ টাকা করে আর্থিক সাহায্যের ঘোষণা করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। এছাড়াও মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবারকে অতিরিক্ত আরও ৫ লক্ষ টাকা করে দেওয়া হবে। ৩০ দিনের উপর যাঁরা নিখোঁজ থাকবেন তাঁদের পরিবারকেও ৪ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য প্রদান করা হবে। বন্যায় ক্ষতিগ্রস্থ প্রায় ১ লক্ষ পরিবারকে দেওয়া হবে ১৫ হাজার টাকা করে। ক্ষতিগ্রস্থ পড়ুয়াদেরও বিনামূল্যে বই প্রদান ও আর্থিক সাহায্যের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তবে ধীরে ধীরে এখানকার বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে, অনেক জায়গা থেকে জল নামতে শুরু করেছে। অধিকাংশ এলাকাতেই ফিরেছে বিদ্যুৎসংযোগ।

এদিকে একটানা বৃষ্টিতে ওড়িশার বিভিন্ন অংশে জনজীবন বিপর্যস্ত। সবচেয়ে খারাপ অবস্থা ভদ্রক জেলায়। নীঁচু এলাকাগুলির পাশাপাশি চাষ জমিতে জল ঢুকেছে। আখুয়াপাড়ায় বৈতরনী নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে। এর ফলে জাজপুর এবং ধামনগরের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন। পরিস্থিতির অবনতি হওয়ায় রাজ্যের ৮ জেলায় আজ স্কুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জোরকদমে চলছে ত্রাণ ও উদ্ধারকাজ।

অন্যদিকে, গোটা দেশেই আজ ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তর। কিছু কিছু রাজ্যে অতিভারি বৃষ্টির লাল ও কমলা সতর্কতা জারি করা হয়েছে।

oooooooooooooooooooooo

পাক-অধিকৃত জম্মু ও কাশ্মীরে রাষ্ট্রীয় দমন-পীড়নের ঘটনায় গত দুই দিনে নিহতের সংখ্যা বেড়ে হয়েছে ৪০ এবং আরও অনেকে আহত হয়েছেন। স্থানীয় সংগঠন জয়েন্ট আওয়ামি অ্যাকশন কমিটি JAAC র মতে, পাক সেনাবাহিনী হাজার হাজার শান্তিপূর্ণ বিক্ষোভকারীর ওপর গুলি চালায়; এতে সোমবার ২৫ জন এবং মঙ্গলবার আরও ৫ জন নিহত হন। গত কয়েক মাস ধরেই পাকিস্তান-অধিকৃত জম্মু ও কাশ্মীর অঞ্চলে পাক কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ কর্মসুচি অব্যাহত রয়েছে।

oooooooooooooooooooooo

বিদেশমন্ত্রক স্পষ্ট জানিয়েছে, পাকিস্তানের বেআইনি দখলে থাকা এলাকা সহ সমস্ত জম্মু-কাশ্মীর এবং লাদাখ কেন্দ্রশাসিত অঞ্চল ভারতের অবিচ্ছেদ্য অংশ।

বিদেশমন্ত্রকের 'ফ্যাক্ট চেক ইউনিট' জানিয়েছে, পাকিস্তান অধিকৃত অঞ্চলে চলতি নির্বাচন প্রক্রিয়াটি পাকিস্তানের অবৈধ দখলদারি ঢাকার একটি বাহ্যিক প্রচেষ্টা। মন্ত্রক আরও বলেছে এই নির্বাচন, ঐ অঞ্চলে ঘটা গুরুতর মানবাধিকার লঙ্ঘন থেকে বিশ্বের দৃষ্টি অন্যত্র সরানোর অপচেষ্টা।

ooooooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম জাপানের কুমামোতো অঞ্চলে গতকাল একটি শক্তিশালী ভূমিকম্পের ফলে অন্তত ১৩ জনের মৃত্যু হয়েছে। বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়া, ক্ষতিগ্রস্ত পরিবহন ব্যবস্থা এবং তীব্র গরমের কারণে আশ্রয় কেন্দ্রে থাকা হাজার হাজার মানুষের জন্য

ত্রাণ বিতরনে বিঘ্ন ঘটছে। কিউশু শিনকানসেন বুলেট ট্রেন পরিষেবা এবং বেশকিছু বিমানবন্দরের কাজকর্ম আপাতত স্থগিত রয়েছে। সেনা ও উদ্ধারকর্মীরা উদ্ধার অভিযান অব্যাহত রেখেছেন। জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি বলেছেন, ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে উদ্ধার কাজ দ্রুতগতিতে চলছে। এখনও পর্যন্ত ৩৬ হাজারেরও বেশি বাড়ি বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। বেশ কিছু এলাকায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন।

বিদেশ ডঃ সুব্রমনিয়ম জয়শঙ্কর এই ভূমিকম্পের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি এই পরিস্থিতিতে জাপানের জনগণ ও সরকারের প্রতি ভারতের পূর্ণ সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন। একই সঙ্গে তিনি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত সকলের নিরাপত্তা ও দ্রুত আরোগ্য কামনা করেছেন।

oooooooooooooooooooooo

গ্লাসগো কমনওয়েলথ গেমসে ইতিহাস রচনা করেছেন ভারতের গুলবীর সিং। প্রথম ভারতীয় অ্যাথলিট হিসাবে পুরুষদের ১০ হাজার মিটার দৌঁড় প্রতিযোগিতায় রূপো জিতেছেন তিনি।

এছাড়াও, প্রতিযোগিতায় মহিলাদের ৬৯ কেজি ভারত্তোলন বিভাগে রূপো পেয়েছেন ভারতের হরজিন্দর কৌর। বিশ্ব ক্রীড়ামঞ্চে ভারতের নাম উজ্জ্বল করার জন্য তাঁদের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বলেছেন তাঁদের এই অবিস্মরণীয় কৃতিত্বের জন্য দেশবাসী গর্বিত। গুলবীর ও হরজিন্দরের ভবিষ্যত সাফল্য কামনা করেছেন রাষ্ট্রপতি।

গ্লাসগো কমনওয়েলথ গেমসে ভারতীয় ক্রীড়াবিদরা এখনও পর্যন্ত ১২টি পদক জিতেছেন। এর মধ্যে রয়েছে ২টি সোনা, ৭টি রূপো ও ৩টি ব্রোঞ্জ পদক।

ooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন গ্লাসগোতে আয়োজিত ২০২৬ কমনওয়েলথ গেমসে মহিলাদের ৬৯ কেজি বিভাগে রূপো জয়ী হারজিন্দর কাউর এবং পুরুষদের ১০ হাজার মিটার দৌড়ে রৌপ্য বিজয়ী গুলভীর সিংকে অভিনন্দন জানিয়েছেন।

সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী রাধাকৃষ্ণন বলেন, তাঁদের এই অসাধারণ পারফরম্যান্স সারা দেশের জন্য গর্বের বিষয়।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo